

মাইক্রোক্রেডিট রেগুলেটরী অথরিটি
ইনোভেশন টিমের সভার কার্যবিবরণী


বিষয়: অথরিটির ইনোভেশন টিমের সদস্যদের অংশগ্রহণে ২০১৯-২০ অর্থবছরের ৫ম (পঞ্চম) সভার কার্যবিবরণী

সভাপতি : জনাব মোঃ জাকের হোসেন, নির্বাহী পরিচালক ও ইনোভেশন অফিসার, মাইক্রোক্রেডিট রেগুলেটরী অথরিটি
সভার তারিখ : ৪ঠা নভেম্বর, ২০১৯ খ্রিষ্টাব্দ
সভার স্থান : অথরিটির ইনোভেশন অফিসারের কক্ষ
সভায় উপস্থিত সদস্যদের তালিকা পরিশিষ্ট- “ক”

সভার শুরুতে ইনোভেশন অফিসার উপস্থিত অথরিটির ইনোভেশন টিমের সকল সদস্যকে শুভেচ্ছা জানান। সভায় পূর্ববর্তী সভার সিদ্ধান্তসমূহের অগ্রগতি এবং নতুন ইনোভেশন প্রস্তাব বিষয়ে আলোচনা করা হয়। আলোচনান্তে নিম্নরূপ সিদ্ধান্ত গৃহীত হয়:

ক্রম	আলোচ্য বিষয়	আলোচনা	সিদ্ধান্ত	বাস্তবায়নকারী
১.	ইনোভেশন টিমের মাসিক অগ্রগতি প্রতিবেদন	ইনোভেশন বিষয়ক কার্যাবলীর মাসিক অগ্রগতি প্রতিবেদন যথাযথভাবে প্রস্তুত করার বিষয়ে আলোচনা করা হয়।	নিয়মিতভাবে মাসিক অগ্রগতি প্রতিবেদন প্রতি সভায় আলোচনা করতে হবে এবং মন্ত্রণালয়ের যাচিত ছকে চাহিদানুযায়ী নির্ধারিত সময়ের মধ্যে প্রেরণ করতে হবে।	ইনোভেশন টিম
২.	ইনোভেশন কর্মপরিকল্পনা ২০১৯-২০ মন্ত্রণালয়ে প্রেরণ ও বাস্তবায়ন	মাইক্রোক্রেডিট রেগুলেটরী অথরিটির ২০১৯-২০ অর্থবছরে বার্ষিক উদ্ভাবন কর্মপরিকল্পনায় উপস্থাপিত বিষয়াদি বাস্তবায়নের বিষয়ে আলোচনা করা হয়।	মন্ত্রণালয় কর্তৃক প্রেরিত ছকে অথরিটির বার্ষিক উদ্ভাবন কর্মপরিকল্পনা ২০১৯-২০ ইতোমধ্যে মন্ত্রণালয়ে প্রেরণ করা হয়েছে (পত্রের সূত্র নং- ৫৩.০৪.০০০০.০৭.০৫.০০৪.১৯-১৬৫১; তারিখ- ২৬/০৬/২০১৯ খ্রিঃ)। উল্লিখিত কর্মপরিকল্পনায় অন্তর্ভুক্ত বিষয়সমূহ নির্ধারিত সময়ের মধ্যে সম্পাদনের বিষয়ে সিদ্ধান্ত গৃহীত হয়।	ইনোভেশন টিম
৩.	বিগত সভার কার্যবিবরণী উপস্থাপন ও অনুমোদন	গত ১৫/১০/২০১৯ তারিখে অনুষ্ঠিত ৪র্থ সভার কার্যবিবরণী অনুমোদনের বিষয়ে আলোচনা করা হয়।	উপস্থাপিত কার্যবিবরণী পাঠান্তে কোনো সংশোধনী না থাকায় গত সভার কার্যবিবরণী সর্বসম্মতিক্রমে অনুমোদিত হয়।	ইনোভেশন টিম
৪.	উদ্ভাবনী উদ্যোগের পাইলটিং	২০১৯-২০ অর্থবছরে কোন উদ্ভাবনী ধারণাটি পাইলটিং হিসেবে বাস্তবায়ন করা যাবে এ বিষয়ে আলোচনা করা হয়।	‘অনলাইনে অডিট রিপোর্ট সংগ্রহ ও বিশ্লেষণ’ এবং ‘অনলাইনে সকল ধরনের প্রেমেন্ট গ্রহণ’ ধারণা দুটি বাস্তবায়নের অগ্রগতি ইনোভেশনে টিম-কে অবহিতকরণের জন্য এমআইএস এন্ড আইটি শাখা এবং প্রশাসন শাখাকে জানানোর সিদ্ধান্ত গৃহীত হয়।	উপপরিচালক, এমআইএস এন্ড আইটি শাখা এবং প্রশাসন শাখা
৫.	উদ্ভাবন ও সেবা সহজিকরণ বিষয়ে এক দিনের কর্মশালা/সেমিনার	অথরিটির বার্ষিক উদ্ভাবন কর্মপরিকল্পনা ২০১৯-২০ অনুযায়ী উদ্ভাবন ও সেবা সহজিকরণ বিষয়ে এক দিনের কর্মশালা/সেমিনার ডিসেম্বর’১৯ এর মধ্যে আয়োজনের বিষয়ে আলোচনা করা হয়।	ইভিসি মহোদয়ের অনুমোদিত তারিখে আলোচ্য কর্মশালা/সেমিনার আয়োজনের সিদ্ধান্ত গৃহীত হয়।	ইনোভেশন টিম
৬.	উদ্ভাবন সংক্রান্ত কার্যক্রম বাস্তবায়নে বরাদ্দকৃত অর্থ ব্যয়	অথরিটির বার্ষিক উদ্ভাবন কর্মপরিকল্পনা ২০১৯-২০ অনুযায়ী উদ্ভাবন সংক্রান্ত কার্যক্রম বাস্তবায়নে ৩ লক্ষ টাকা বরাদ্দ রাখা হয়েছে। বরাদ্দকৃত অর্থ উপযুক্ত খাতে যৌক্তিকভাবে ব্যয়ের বিষয়ে আলোচনা করা হয়।	ইনোভেশন বিষয়ক সভা/সেমিনার/স্টাডি টুর আয়োজনের বিষয়ে সিদ্ধান্ত গৃহীত হয়। এতে ইনোভেশন টিমের সদস্যবৃন্দের পাশাপাশি উদ্ভাবনী ধারণা প্রদানকারীরাও অংশগ্রহণ করতে পারেন। মর্মে সিদ্ধান্ত গৃহীত হয়।	ইনোভেশন টিম

সভায় আলোচনার জন্য আর কিছু না থাকায় সভাপতি উপস্থিত সকলকে ধন্যবাদ জানিয়ে সভার কাজ সমাপ্ত করেন।








(মোঃ জাকের হোসেন)

নির্বাহী পরিচালক ও ইনোভেশন অফিসার
মাইক্রোক্রেডিট রেগুলেটরী অথরিটি

পরিশিষ্ট-ক

সভায় উপস্থিত ইনোভেশন টিমের সদস্যদের তালিকা:

ক্র: নং	কর্মকর্তার নাম	পদনাম	কমিটি	স্বাক্ষর
১.	মোঃ জাকের হোসেন	নির্বাহী পরিচালক	ইনোভেশন অফিসার	
২.	মোহাম্মদ আব্দুল মান্নান	উপপরিচালক	সদস্য	
৩.	জিনাত আমান বন্যা	উপপরিচালক	সদস্য	
৪.	মোঃ আরিফুজ্জামান	সিনিয়র সহকারী পরিচালক	সদস্য	
৫.	সৈয়দ আশিক ইমতিয়াজ	সহকারী পরিচালক	সদস্য সচিব	 ০৪/৩/১৩

এছাড়াও, উক্ত সভায় উদ্ভাবনী উদ্যোগের পাইলটিং বাস্তবায়নের অগ্রগতি সম্পর্কে অবহিতকরণের জন্য উপস্থিত ছিলেন উপপরিচালক জনাব কে. এ. এম. এম. রইসুল ইসলাম।